গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
জুডিসিয়াল মুন্সিখানা শাখা

...

সভাপতি	আব্দুল জলিল জেলা ম্যাজিস্ট্রেট
সভার তারিখ	১৩ নভেম্বর২০২২
সভার সময়	দুপুর ১২.৩০
স্থান	জেলা প্রশাসক রাজশাহীর সভাকক্ষ
উপস্থিতি	সদস্যবৃন্দের তালিকা: ক্রম: কর্মরত কার্যালয়ের নাম ও ঠিকানা কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর প্রযোজ্য ক্ষেত্রে প্রতিনিধির নাম, পদবি ও মোবাইল নম্বর স্বাক্ষর 17. জেলা ম্যাজিস্ট্রেট রাজশাহী (সভাপতি) আব্দুল জলিল স্বাক্ষরিত 18. পুলিশ সুপার, রাজশাহী এবিএম মাসুদ হোসেন ০১৩২০১২২৫০০ স্বাক্ষরিত 19. অধিনায়ক, র্যা ব-৫, রাজশাহী মো: জাহিদুল ইসলাম ০১৭৭৭৭১০৫০৭ স্বাক্ষরিত 20. অধিনায়ক, ১ বর্ডারগার্ড ব্যাটালিয়ন, রাজশাহী মো: আব্দুর রহমান ০১৬৬০১৯৭৯৮৪ স্বাক্ষরিত 21. যুগ্ম পরিচালক, এনএসআই, রাজশাহী (জেলা) মো: ছানোয়ার হোসেন ০১৮১৯৭৫০১০৬ স্বাক্ষরিত 22. উপজেলা নির্বাহী অফিসার, বাঘা শারমিন আক্তার স্বাক্ষরিত 23. উপজেলা নির্বাহী অফিসার, পবা লসমী চাকমা ০১৭৩৩৩৫২০০১ স্বাক্ষরিত 24. উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া নূরুল হাই মোহাম্মদ আনাছ, পিএএ স্বাক্ষরিত 25. উপজেলা নির্বাহী অফিসার,গোদাগাড়ী মো: জানে আলম স্বাক্ষরিত 26. উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর মো: সোহেল রানা ০১৭৬২৮৬৫৬১৬ স্বাক্ষরিত 27. উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা সাইদা খানম স্বাক্ষরিত 28. উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর সাবিহা ফাতেমাতুজ জোহ্রা ০১৭৩৩০০৫০০৯ স্বাক্ষরিত 29. উপজেলা নির্বাহী অফিসার, তানোর পংকজ চন্দ্র দেবনাথ ০১৭৭৮৮৮৮৯৯৯০ স্বাক্ষরিত 30. উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট মো: সোহরাব হোসেন ০১৭৬১৭০৮১৫৩ স্বাক্ষরিত 31. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী মো: কামাল হোসেন ০১৭৩০০৩৮০৮৬ স্বাক্ষরিত 32. উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী মো: আলমগীর হোসেন ০1404072403 স্বাক্ষরিত 33. সহকারী কমিশনার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, রাজশাহী'র প্রতিনিধি পক্ষে, গোলাম কিবরিয়া রাজস্ব কর্মকর্তা (চ:দা:) ০১৭১২১৫৩৭৯৪ স্বাক্ষরিত

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির নির্দেশক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী কর্তৃক গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। গত সভার সিদ্ধান্ত এবং আলোচনাসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাসহ বর্তমান সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

জেলা চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা

ক্রম:	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ

১.	চোরাচালান প্রতিরোধকল্পে টাস্কফোর্সের কার্যক্রম	১.১. সভাপতি রাজশাহী জেলার চোরাচালান প্রতিরোধকল্পে অক্টোবর ২০২২ মাসে টাস্কফোর্স, বিজিবি, পুলিশ, এবং র‌্যাব-৫, রাজশাহী কর্তৃক পরিচালিত চোরাচালান বিরোধী অভিযানের তথ্য (পরিশিষ্ট:গ) উপস্থাপন করতে বলেন। তথ্য পর্যালোচনায় দেখা যায় অক্টোবর ২০২২ মাসে মোট ৩১৫৩ টি চোরাচালান বিরোধী অভিযান পরিচালিত হয়েছে। অভিযান পরিচালনাকালে ৫৮৪টি মামলা দায়ের করা হয়েছে এবং ৬৩৫জনকে গ্রেপ্তার করা হয়েছে। প্রতিবেদন দৃষ্টে আরও প্রতীয়মান হয় যে, গত মাসে পরিচালিত অভিযানের সংখ্যার তুলনায় বর্তমান মাসে ১০১৬টি অভিযান বৃদ্ধি পেয়েছে। বর্তমান মাসে গত মাসের চেয়ে ৪৯১টি মামলা বৃদ্ধি পেয়েছে এবং গ্রেপ্তার বৃদ্ধি পেয়েছে ৪৫৯জন। মামলা দায়ের ও গ্রেপ্তার সংখ্যা বৃদ্ধি অব্যাহত রাখা প্রয়োজন মর্মে সভাপতি মতামত ব্যক্ত করেন। চোরাচালান প্রতিরোধকল্পে টাস্কফোর্সের অভিযান বৃদ্ধির উপরে তিনি গুরুত্বারোপ করেন। প্রতিটি সংস্থাকে প্রতি মাসে কমপক্ষে ০৩ (তিন) টি করে টাস্কফোর্সের অভিযান পরিচালনার জন্য তিনি অনুরোধ জানান। ১.২. সভাপতি বলেন যে, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী'র ০৪ (চার)জন বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে টাস্কফোর্সের অভিযান পরিচালনার জন্য নিয়োগ দেওয়া হয়েছে। তারা প্রতিমাসে অন্তত ০১ (এক) টি টাস্কফোর্সের অভিযান পরিচালনা করবেন। সংশ্লিষ্ট সকল সংস্থাকে নিয়োগকৃত ম্যাজিস্ট্রেটগণের সাথে সমন্বয়পূর্বক নির্ধারিত দিন ও তারিখে টাস্কফোর্সের অভিযান পরিচালনার জন্য তিনি অনুরোধ করেন। অক্টোবর ২০২২ মাসে টাস্কফোর্সের ১৯৮টি অভিযান পরিচালনা করা হয়েছে। ১.৩. উপস্থাপিত তথ্যসমূহের পরিসংখ্যানগত তুলনায় দেখা যায় যে, সেপ্টেম্বর ২০২২ মাসে চোরাচালানের অভিযান ছিল ২১৩৭ টি। সেপ্টেম্বর ২০২২ মাসের তুলনায় অক্টোবর ২০২২ মাসে চোরাচালান বিরোধী অভিযান ১০১৬টি বৃদ্ধি পেয়েছে। চোরাচালান প্রতিরোধ বিষয়ে দায়েরকৃত মামলার সংখ্যা গত মাসের তুলনায় বর্তমান মাসে ৪৯১টি বৃদ্ধি পেয়েছে। বিজিবি কর্তৃক এককভাবে পরিচালিত অভিযান ১৯৭০টি। ১.৪. জেলা পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, অক্টোবর ২০২২ মাসে ৩৭০টি অভিযান পরিচালিত হয়েছে। রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য পর্যালোচনায় দেখা যায়, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী অক্টোবর ২০২২ মাসে ৫৬৩ টি অভিযান পরিচালনা করেছেন।	১.১.১ প্রতিটি সংস্থাকে টাস্কফোর্সের অভিযান পরিচালনা করে অভিযানকে ফলপ্রসূ করতে হবে। প্রতিমাসে অন্তত ০৩টি টাস্কফোর্সের অভিযান পরিচালনা করতে হবে। ১.১.২. জেলা প্রশাসকের কার্যালয়ের নিয়োজিত টাস্কফোর্সের ম্যাজিস্ট্রেটগণ প্রতিমাসে অন্তত ০১(এক) টি টাস্কফোর্সের অভিযান পরিচালনা করবেন। সংশ্লিষ্ট সকল সংস্থা ম্যাজিস্ট্রেটগণের সাথে সমন্বয়পূর্বক টাস্কফোর্সের অভিযান পরিচালনা করবেন। ১.১.৩.চোরাচালান বিরোধী অভিযান বৃদ্ধি অব্যাহত রাখতে হবে।	১. অধিনায়ক ১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন রাজশাহী ২. অধিনায়ক, র‌্যাব-৫ রাজশাহী ৩. উপ-পুলিশ কমিশনার (সদর) আরএমপি, রাজশাহী ৪. পুলিশ সুপার রাজশাহী ৫. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী ৬. কমিশনার কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট রাজশাহী ৭. উপ পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
২	চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স কার্যক্রমের অগ্রগতি	২.১. সভাপতি চোরাচালান প্রতিরোধ সংক্রান্ত সংশ্লিষ্টদের সাথে সমন্বয়পূর্বক অভিযান পরিচালনার জন্য কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহীকে অনুরোধ জানান। এছাড়া তিনি আরডিএসএফ এর অভিযান পরিচালনার জন্য নিয়োগকৃত ০৪(চার) জন বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট অন্যান্য দপ্তরের সমন্বয়ে টাস্কফোর্সের অভিযান পরিচালনার জন্য অনুরোধ জানান। বিভিন্ন সংস্থা কর্তৃক দায়েরকৃত তথ্য পর্যালোচনায় দেখা যায় কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী কর্তৃক বিবেচ্য মাসে কোন টাস্কফোর্সের অভিযান পরিচালিত হয়নি। সভাপতি টাস্কফোর্সের অভিযানের বিষয়ে সহকারী কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহীকে অত্র কার্যালয়ের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের সমন্বয়ে প্রতি মাসে অন্তত ০৪টি টাস্কফোর্সের অভিযান পরিচালনার জন্য অনুরোধ করেন।	২.১.১. টাস্কফোর্সের অভিযানের বিষয়ে সহকারী কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহীকে আরও আন্তরিক হতে হবে। ২.১.২. প্রতিমাসে অন্তত ০৪ (চার)টি টাস্কফোর্সের অভিযান পরিচালনা করতে হবে। ২.১.৩. আরডিএসএফ এর অভিযান পরিচালনার জন্য নিয়োগকৃত ০৪ (চার) জন বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে অন্যান্য দপ্তরের সঙ্গে সমন্বয়পূর্বক টাস্কফোর্সের অভিযান পরিচালনা করতে হবে।	১.অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী ২. কমিশনার কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী

৩	রাজশাহী জেলার গবাদিপশুর বিট/খাটাল সংক্রান্ত আলোচনা	৩.১. সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী বলেন, রাজশাহী জেলায় মোট ০৯টি গবাদিপশুর বিট/খাটাল রয়েছে। তন্মধ্যে (০১) গোদাগাড়ী উপজেলায় ০২টি (০২) পবা উপজেলায় ০৪টি (০৩) বাঘা উপজেলায় ০১টি এবং (০৪) চারঘাট উপজেলায় ০২টি। ০৯টি বিট/খাটাল এর কোনটিই বাংলা ১৪২৭ সনে নবায়ন হয় নাই। গোদাগাড়ী উপজেলার ০১টি, পবা উপজেলার ০৩টি এবং বাঘা উপজেলার ০১টিসহ মোট ০৫টি বিট/খাটাল বাংলা ১৪২৭ সনে নবায়নের জন্য বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী এঁর কার্যালয়ে প্রেরণ করা হয়েছিল। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয় রাজশাহী বিভাগীয় চোরাচালান প্রতিরোধ আঞ্চলিক টাস্কফোর্স কমিটির ১৬৩তম সভার ০৯ নং অনুচ্ছেদের ০২ নং সিদ্ধান্তের প্রেক্ষিতে নবায়ন প্রস্তাব অগ্রগামী না করে ফেরত দিয়ে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছেন। সিদ্ধান্ত: "বিট/খাটাল স্থাপন/নবায়নের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। একই সাথে বিট/খাটালের আড়ালে মাদক, অবৈধ অস্ত্র বা অন্য কোন অবৈধ কার্যক্রম পরিচালনা করা হয় কি-না সে বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সজাগ দৃষ্টি রাখবেন এবং অবৈধ কার্যক্রমের কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বিট/খাটালের অনুমোদন বাতিল/বন্ধের জন্য বিভাগীয় কমিটির নিকট সুপারিশ পাঠাবেন"	৩.১.১. দেশে পর্যাপ্ত পরিমাণ গবাদিপশু উৎপাদন হওয়ায় সীমান্ত পথে যেন কোন গবাদিপশু প্রবেশ করতে না পারে এবং মাদকসহ অবৈধ অস্ত্র বা অন্য কোন অবৈধ কার্যক্রম যেন সংঘটিত না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্টদের সভায় অনুরোধ করা হয়।	১.অধিনায়ক, ১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রাজশাহী ২.অধিনায়ক, র‍্যাব-৫, রাজশাহী ৩. পুলিশ সুপার, রাজশাহী ৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
৪.	চোরাচালান মামলার (বিচার নথি) অগ্রগতি আলোচনা	৪.১. অতঃপর সভাপতি পুলিশ বিভাগ, রাজশাহী কর্তৃক প্রেরিত বিচার ফাইলের মামলার তথ্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান। বিচার ফাইলের তথ্য (পরিশিষ্ট-ঘ) পর্যালোচনায় দেখা যায় যে, অক্টোবর ২০২২ মাসে জেলা ও আরএমপিতে বিচারাধীন মোট মামলার সংখ্যা **৫৯৩১**টি। আলোচ্য মাসে **১৩**টি মামলা নিষ্পত্তি হয়েছে। মাস শেষে তদন্তাধীন মামলার সংখ্যা দাঁড়িয়েছে **৫৯১৮** টি। মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির নিমিত্ত নিজ নিজ দায়িত্ব আন্তরিকতার সাথে পালনের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি সাক্ষ্য প্রমাণ সঠিকভাবে উপস্থাপন করা এবং কোন সাক্ষী যেন সাক্ষ্য প্রদান ছাড়া ফেরত না যায় সে বিষয়ে বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর এবং বিশেষ পাবলিক প্রসিকিউটর, চোরাচালান নিরোধ বিশেষ ট্রাইব্যুনাল, রাজশাহীকে অনুরোধ জানান।	৪.১.১ চোরাচালান সংক্রান্ত মামলা দক্ষতার সাথে রাষ্ট্র পক্ষে পরিচালনা করা ও নিষ্পত্তির বিষয়ে তৎপর থাকতে বলা হয়। ৪.1.২. সাক্ষ্য প্রমাণ সঠিকভাবে উপস্থাপন করা এবং কোন সাক্ষী যেন সাক্ষ্য প্রদান ছাড়া ফেরত না যায় সে বিষয়ে বিজ্ঞ পি.পি এবং বিশেষ পি.পি, চোরাচালান নিরোধ বিশেষ ট্রাইব্যুনাল, রাজশাহীকে তৎপর থাকতে অনুরোধ করা হয়।	১. বিজ্ঞ পিপি/ বিশেষ পিপি, চোরাচালান নিরোধ সংক্রান্ত ট্রাইব্যুনাল, রাজশাহী ২. জি.আর.ও সি.এম.এম/ জজ কোর্ট, রাজশাহী

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আন্তরিক প্রচেষ্টা গ্রহণের অনুরোধসহ উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল জলিল
জেলা ম্যাজিস্ট্রেট

স্মারক নম্বর: ০৫.৪৩.৮১০০.০১৭.০৪.০০৪.১৭.২৩৯

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৯
২৭ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, ঢাকা
৩) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪) উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৫) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
৬) অধিনায়ক,১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রাজশাহী
৭) অধিনায়ঙ, র‍্যাব-৫, রাজশাহী
৮) পুলিশ সুপার, রাজশাহী
৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
১০) উপ পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ,রাজশাহী
১১) সহকারী কমিশনার, কাষআটমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী
১২) প্রেগ্রামার,জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী

আব্দুল জলিল
জেলা ম্যাজিস্ট্রেট